গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক সংখ্যা- ৩৮.০১.০০০০.০০৭.১১৮.০২৬.০৪.১২-২১০/৬৫৭ তারিখ: ১৮ ফাল্গুন ১৪২৩ / 02 মার্চ ২০১৭

**বিষয়: পিইডিপি ৩ এর আওতায় ২০১৬-১৭ অর্থবছরে নির্বাচিত প্রাথমিক বিদ্যালয়ে বরাদ্দকৃত অর্থে মাইনর মেরামত কার্য সম্পাদন।**

সূত্রঃ প্রাশিঅ এর অর্থ বিভাগের পত্র নং-৩৮.১৫০.১৮০.০১১.০০.০০.১৯১.২০১৩-১৭১০, তারিখ: ১২ ফেব্রুয়ারি ২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি ৩) এর আওতায় নির্বাচিত প্রাথমিক বিদ্যালয়ে মাইনর মেরামত কার্য সম্পাদনের জন্য সূত্রোক্ত স্মারকে প্রতিটি বিদ্যালয়ে ০১ (এক) লক্ষ টাকা করে বরাদ্দ প্রদান করা হয়েছে। **বিদ্যালয়ের তালিকা, প্রাগম এর পরিপত্র, অর্থ ছাড়ের জিও (সরকারি আদেশ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট (www.dpe.gov.bd) এ সংযুক্ত করা হল।** বরাদ্দপ্রাপ্ত বিদ্যালয়সমূহে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালনপূর্বক মেরামত কার্য সম্পাদনের জন্য অনুরোধ করা হলো:

**শর্তাবলী:**

১. উল্লিখিত ক্যাটাগরির কাজ এসএমসি কর্তৃক সম্পাদিতব্য। মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত পিইডিপি ৩ এর পরিপত্রের নির্দেশনা মোতাবেক মেরামত কাজ সম্পাদন করতে হবে (পরিপত্রের স্মারক নং-৩৮.০১৪.০১৪.০২.১০.১১৬.২০১২-৩০, তারিখ: ০৫ জুন ২০১৪ সংযুক্ত)।

২. পরিপত্রের নির্দেশনা অনুযায়ী কাজ শুরুর পূর্বে অবশ্যই উপজেলা প্রকৌশলী কর্তৃক মেরামত কাজের প্রাক্কলন প্রস্তুত করে উপজেলা শিক্ষা কমিটির অনুমোদন নিয়ে মেরামত কাজ সম্পন্ন করতে হবে। এ বিষয়ে উপজেলা শিক্ষা অফিসার এবং উপজেলা প্রকৌশলী (এলজিইডি) বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও এসএমসি-কে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।

৩. বরাদ্দকৃত অর্থে বিদ্যালয়ের প্রয়োজনীয়তার নিরীখে নিম্নোক্ত ক্ষেত্রে মেরামত কার্যক্রম সম্পন্ন করা যাবে: (ক) বিদ্যালয় ভবন, ওয়াশব্লক এবং টয়লেটের ক্ষতিগ্রস্থ প্লাস্টার মেরামত, (খ) দরজা, জানালা, বেঞ্চ, চেয়ার, কলাপসিবল গেট ইত্যাদি মেরামত (গ) ছাদের সিলিং/আস্তর মেরামত, (ঘ) ভবনের ওয়াল, কলাম, বীম এবং ছাদের ফাটল মেরামত, (ঙ) বিদ্যালয় ভবনের দরজা, জানালা রংকরণ, (চ) টাইলস (যদি থাকে), সিড়ির রেলিং, বিদ্যালয়ের গেট এবং ড্রেনেজ সিস্টেম মেরামত, (জ) ব্ল্যাক বোর্ড প্লাস্টারকরণ এবং রংকরণ (ঝ) টয়লেট এর পাইপ, ড্রেন, বেসিন, কমোড, প্যান ইত্যাদি মেরামত/প্রতিস্থাপন, (ঞ) টিউবওয়েল এর প্লাটফর্ম মেরামত এবং টিউবওয়েলের যন্ত্রাংশ প্রতিস্থাপন, (ট) বিদ্যালয় ভবনের বৈদ্যুতিক ব্যবস্থা (সুইচ, ওয়্যারিং, ফ্যান ইত্যাদি) মেরামত (ঠ) এছাড়াও বিদ্যালয়ের চাহিদাভিত্তিক অন্যান্য মেরামত।

৪. বিদ্যালয়ে কোন কোন খাতে মেরামত প্রয়োজন তার তালিকা প্রধান শিক্ষক প্রস্তুত করে উপজেলা শিক্ষা অফিসার এর নিকট জমা দিবেন। উপজেলা শিক্ষা অফিসার বরাদ্দ প্রাপ্ত বিদ্যালয়ের মেরামতের তালিকা সংগ্রহপূর্বক একত্রে প্রাক্কলন প্রস্তাব তৈরির জন্য উপজেলা প্রকৌশলী (এলজিইডি) এর নিকট প্রেরণ করবেন। উপজেলা প্রকৌশলী (এলজিইডি) কর্তৃক প্রাক্কলন প্রস্তাব প্রস্তুতপূর্বক উপজেলা শিক্ষা অফিসার এর নিকট প্রেরণ করবেন। উপজেলা শিক্ষা অফিসার প্রাক্কলন প্রস্তাব মহানগর/ উপজেলাপ্রাথমিক শিক্ষা কমিটি'তে অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করবে।

৫. বরাদ্দপ্রাপ্ত বিদ্যালয়ে মেরামতের প্রয়োজন না থাকলে অথবা রাজস্বখাত থেকে বর্তমান অর্থবছরে বিদ্যালয় মেরামত বাবদ বরাদ্দ পেয়ে থাকলে অথবা এলজিইডি কর্তৃক মেজর মেরামতের জন্য দরপত্র প্রক্রিয়া চলমান থাকলে বরাদ্দকৃত এ অর্থ ব্যয় করা যাবে না। এক্ষেত্রে বরাদ্দপ্রাপ্ত অর্থ প্রোগ্রাম পরিচালক, পিইডিপি ৩ এর বরাবরে সমর্পণ করতে হবে। অর্থ সমর্পণের কপি পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ এবং অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।

৬. নিরীক্ষা (অডিট) এর জন্য বিল/ভাউচার ও প্রাক্কলন এর কপি উপজেলা শিক্ষা অফিসে সংরক্ষণ করতে হবে।

৭. বিদ্যালয় মেরামতের প্রাক্কলন উপজেলা শিক্ষা কমিটিতে অনুমোদন ব্যাতিত অর্থ ব্যয় করা যাবে না। অর্থ আবশ্যিকভাবে ৩০ মে ২০১৭ তারিখের মধ্যে ব্যয় করতে হবে।

৮. তাঁর উপজেলায় বরাদ্দপ্রাপ্ত বিদ্যালয়ের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে কি না এবং মাইনর মেরামত কাজের অগ্রগতি বিষয়ে প্রতি মাসের ৩০ তারিখে নিম্নোক্ত ছকে একটি প্রতিবেদন ই-মেইলে (kamruljam@gmail.com) প্রেরণ করতে হবে।

| ক্র: | বিদ্যালয়ের নাম | প্রাক্কলন এলজিইডির সহায়তায় প্রস্তুত করা হয়েছে কীনা (হ্যাঁ/না) | প্রাক্কলন শিক্ষা কমিটির অনুমোদন নেয়া হয়েছে কীনা (হ্যাঁ/না) | প্রাক্কলনের সংক্ষিপ্ত বিবরণ | প্রাক্কলিত অর্থ | মন্তব্য/ অগ্রগতি |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৮ |

৯. অর্থ ব্যয়ের ক্ষেত্রে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অর্থ বিভাগের জিও নং-৩৮.১৫০.১৮০.০১১.০০.০০.১৯১.২০১৩-১৭১০, তারিখ: ১২ ফেব্রুয়ারি ২০১৭এর নির্দেশনা অনুসরণ করতে হবে। সেসাথে ভ্যাট কর্তনসহ সরকারের প্রচলিত সকল আর্থিক বিধিবিধান অনুসরণ করতে হবে।

১০. উক্ত মেরামত কার্যক্রমে অর্থ ব্যয়ের ক্ষেত্রে যথাযথ স্বচ্ছতা অনুসরণ করতে হবে। এক্ষেত্রে যে কোনো ধরনের আর্থিক অনিয়মের জন্য ডিডিও দায়ী থাকবেন।

১১. পত্রের কপি সকল প্রধান শিক্ষককে আবশ্যিকভাবে বিতরণ করতে হবে। এক্ষেত্রে কোন ধরনের অবহেলা গ্রহণযোগ্য হবে না।

উল্লিখিত নির্দেশনা অনুসরণে পিইডিপি ৩ আওতায় ২০১৬-১৭ অর্থবছরে নির্বাচিত প্রাথমিক বিদ্যালয়ে বরাদ্দকৃত অর্থে নির্ধারিত সময়ের মধ্যে মেরামত (মাইনর ক্যাটাগরি) কার্য সম্পাদনের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১) প্রাগম এর পরিপত্র।
২) বরাদ্দপ্রাপ্ত বিদ্যালয়ের তালিকা ।
৩) অর্থ ছাড়ের জিও।

(মহেশ চন্দ্র রায়)
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
ফোন: ৫৫০৭৪৯৩৮

উপজেলা/ থানা শিক্ষা কর্মকর্তা

উপজেলা/ থানা------------------------- জেলা--------------------

স্মারক সংখ্যা- ৩৮.০১.০০০০.০০৭.১১৮.০২৬.০৪.১২-

তারিখ: ফাল্গুন ১৪২৩ / মার্চ ২০১৭

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন), এলজিইডি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
(তাঁর আওতাধীন উপজেলা প্রকৌশলীদের বিদ্যালয়ের প্রাক্কলন প্রস্তুতে প্রধান শিক্ষক ও এসএমসি সভাপতিদের প্রয়োজনীয় সহায়তার অনুরোধসহ)

৩। বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, বিভাগ--------------------- ।
(তাঁর আওতাধীন জেলায় বরাদ্দপ্রাপ্ত বিদ্যালয়ের তালিকা ও পরিপত্রসহ সকল তথ্য প্রাপ্তি নিশ্চিতকরণ ও মেরামত কাজ পরিবীক্ষণ এর অনুরোধসহ)

৪। সিস্টেম ম্যানেজার, তথ্য ব্যবস্থাপনা বিভাগ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

৫। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা (সকল), জেলা ---------------------------- ।
(তাঁর আওতাধীন উপজেলায় বরাদ্দপ্রাপ্ত বিদ্যালয়ের তালিকা ও পরিপত্রসহ সকল তথ্য প্রাপ্তি নিশ্চিতকরণ ও মেরামত কাজ পরিবীক্ষণ এর অনুরোধসহ)

৬। উপজেলা চেয়ারম্যান, উপজেলা/ থানা------------------------- জেলা-------------------- ।

৭। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা/ থানা------------------------- জেলা-------------------- ।

৮। উপজেলা/ থানা হিসাব রক্ষণ কর্মকর্তা , উপজেলা/ থানা------------------------- জেলা-------------------- ।

৯। সংরক্ষণ নথি।

(কামরুল ইসলাম)
সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)